



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/পরি/ ২৩৮/৫

তারিখঃ ১৫/০৪/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ জেডিসি পরীক্ষায় শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা বিষয়সমূহ অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর মান যাচাই প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের স্মারক নং- শি: উ: ২৭৭/১১/২৭৯, তারিখ: ২৯-০৩-২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীন সকল মাদরাসা প্রধানসহ সংশ্লিষ্টদেরকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি (এনসিসিসি) এর ২২/০৩/২০১৭ খ্রিঃ তারিখের সভায় জেডিসি পরীক্ষায় শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা বিষয়সমূহ অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক, মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্রে শিক্ষার্থীর মান যাচাই করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে মান যাচাই বিষয়ে নম্বর বন্টন এতদসঙ্গে সংযুক্ত করা হলো। ২০১৭ সালের জেডিসি পরীক্ষা থেকে এই পদ্ধতি কার্যকর হবে।

(প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা)

চেয়ারম্যান

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৫৮৬১০২১৬

দাখিল ও আলিম মাদরাসার প্রধানগণ।

(সকল)



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা বিষয়সমূহ জেডিসি পরীক্ষায় অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক, মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্রে শিক্ষার্থীর মানযাচাই বিষয়ে নম্বর বন্টন:

### বিষয়: শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য

পূর্ণমান	: ৫০
তত্ত্বীয়	: ২০
ব্যবহারিক	: ৩০
তত্ত্বীয় অংশ	: ২০

শ্রেণি অভীক্ষা	: ১০
বাড়ির কাজ ও অনুসন্ধানমূলক কাজ	: ১০

- কমপক্ষে ২টি শ্রেণি অভীক্ষা নিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টি শ্রেণি অভীক্ষার নম্বর বিবেচনা করতে হবে।
- কমপক্ষে ২টি বাড়ির কাজ বা অনুসন্ধানমূলক কাজ মূল্যায়ন করতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টির নম্বর বিবেচনা করতে হবে।

### ব্যবহারিক অংশ : ৩০

খেলাধুলায় অংশগ্রহণ	: ২০
খেলাধুলায় পারদর্শিতা	: ১০

- প্রত্যেক শিক্ষার্থীর কমপক্ষে ১টি খেলায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- মাঠে শিক্ষার্থীর খেলাধুলায় অংশগ্রহণ পর্যবেক্ষণ করে নম্বর প্রদান করতে হবে।

### বিষয়: কর্ম ও জীবনমুখী শিক্ষা

পূর্ণমান	: ৫০
তত্ত্বীয়	: ৩০
ব্যবহারিক	: ২০
তত্ত্বীয় অংশ	: ৩০

শ্রেণির কাজ ও বাড়ির কাজ	: ১০
শ্রেণি অভীক্ষা	: ২০

- শ্রেণির কাজ মূল্যায়ন করে নম্বর প্রদান করতে হবে।
- কমপক্ষে ৩টি শ্রেণি অভীক্ষা নিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ২টি শ্রেণি অভীক্ষার নম্বর বিবেচনা করতে হবে।

### ব্যবহারিক অংশ : ২০

ব্যবহারিক কাজ	: ২০
---------------	------

- কমপক্ষে ২টি ব্যবহারিক কাজ দিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টির নম্বর বিবেচনা করতে হবে।



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ নং অরফ্যানেজ রোড, বকশিবাजार, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

### শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধের (আবেগীয় শিখনফল) ধারাবাহিক মূল্যায়নের নির্দেশক ও রেকর্ড সংরক্ষণ ছক

গোল নম্বর	শিক্ষার্থীর নাম	নিয়মানুবর্তিতা		দেশপ্রেম		সততা		নেতৃত্ব		শৃঙ্খলা		সহযোগিতা		সক্রিয় অংশগ্রহণ		সহিষ্ণুতা		সচেতনতা		সময়ানুবর্তিতা		প্রাপ্ত নম্বর		মতব্য				
		১ম	২য়	১ম	২য়	১ম	২য়	১ম	২য়	১ম	২য়	১ম	২য়	১ম	২য়	১ম	২য়	১ম	২য়	১ম	২য়	১ম	২য়	১ম	২য়			
১																												
২																												
৩																												

নির্দেশনা: ছকে উল্লেখিত ১০টি নির্দেশকের আলোকে শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধ মূল্যায়ন করতে হবে। এক্ষেত্রে একজন শিক্ষার্থী প্রতিটি নির্দেশকের জন্য ৩ (অতি উত্তম) বা ২ (ভালো) বা ১ (অগ্রগতি প্রয়োজন) পেতে পারে। ১০টি নির্দেশকের জন্য একজন শিক্ষার্থী সর্বোচ্চ ৩০ এবং সর্বনিম্ন ১০ পেতে পারে। শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধ মূল্যায়নে চার স্তরের পৃথক মতামত নিচের ছক অনুযায়ী প্রদান করতে হবে:

নম্বরের সীমা	শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধের মূল্যায়ন মতামত
২৬-৩০	অতি উত্তম
২১-২৫	উত্তম
১৬-২০	ভালো
১০-১৫	অগ্রগতি প্রয়োজন

- অষ্টম শ্রেণিতে ২বার ধারাবাহিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করতে হবে। ২ বারের প্রাপ্ত নম্বরের গড় নম্বর বোর্ডের নির্দেশনা অনুযায়ী শিক্ষাবোর্ড প্রেরণ করতে হবে। জেডিসি পরীক্ষার নম্বরপত্রের সাথে প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা বিষয়সমূহের ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর উল্লেখ করে পূর্ণাঙ্গ ফলাফল প্রকাশ করা হবে। তবে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত এ বিষয়গুলোর নম্বর শিক্ষার্থীর প্রেড নির্ধারণে প্রয়োজ্য হবে না। বিষয়গুলোর প্রাপ্ত নম্বর শিক্ষার্থীর বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে ১ম সাময়িক ও ২য় সাময়িক পরীক্ষায় উল্লেখিত ৩টি বিষয়ের ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানের পূর্ণাঙ্গ নম্বরপত্রে অন্তর্ভুক্ত করতে হবে। তবে এ বিষয়গুলোতে প্রাপ্ত নম্বর শিক্ষার্থীর প্রেড নির্ধারণে প্রয়োজ্য হবে না। এটি শিক্ষার্থীর বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধের মূল্যায়ন মতামত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রে অবশ্যই উল্লেখ করতে হবে।
- প্রতি সাময়িক শেষে শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধের মূল্যায়ন মতামত অবশ্যই অভিভাবকগণকে অবগত করতে হবে।

E:\Controller\Letter.Doc